133

দৈনিক জনকণ্ঠ

তারিখ 0 6 JAN 1994
পৃষ্ঠা ... ৭ ... কলাম ৮ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৫ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

ইলিয়াস খান

অনুমোদিত ছুটি শেষে কাজে যোগদান না করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৫ জন শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। এদের মধ্যে ১১ জনকে করা হয়েছে চাকরিচ্যুত। ২৯ জনকে কাজে যোগদানের চূড়ান্ত সময় দেয়া হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষকগণকে চিঠি ইস্যুর তারিখ হতে দু'মাসের মধ্যে যোগদান না করলে বিশ্ববিদ্যালয়ের সংশোধিত চিঠি মোতাবেক তাঁদের চাকরির পরিসমাপ্তি ঘটবে। চারজন শিক্ষককে পদত্যাগ করার জন্য অনুরোধ করা হয়েছে। কাজে যোগদানের জন্য অনুরোধ জানান হয়েছে তিন জনকে। এছাড়া আটজন শিক্ষক অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাদের ব্যাপারে বিভাগীয় সমন্বয় ও উন্নয়ন কমিটির মতামত গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। গত বছরের ১১ নবেম্বর সিন্ডিকেট কর্তৃক গঠিত কমিটি সিন্ডিকেটের বৈঠকে এ রিপোর্ট পেশ করে। সিন্ডিকেট কর্তৃক গঠিত ৬ সদস্যবিশিষ্ট এ কমিটির সভাপতি হচ্ছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।